


যুগান্তর

চুয়েটে আজ ভর্তি পরীক্ষা দিচ্ছে ১১ হাজার শিক্ষার্থী

প্রকাশ : ১২ অক্টোবর ২০১৯, ১১:৪৮ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম ভর্তি পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আজ শনিবার অনুষ্ঠিত হচ্ছে।

সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত ‘ক’ বিভাগের লিখিত পরীক্ষা এবং একই দিন বিকাল ২টা ৩০ মিনিট থেকে ৪টা ৩০ মিনিট পর্যন্ত ‘খ’ বিভাগের মুক্তহস্ত অঙ্কন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় ‘ক’ গ্রুপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) ১০ হাজার ৩১ জন এবং ‘খ’ গ্রুপে

(ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) ৯৪১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবেন। মোট ৮৯০টি আসনে ১২টি বিভাগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া রাখাইন সম্প্রদায়ের জন্য ১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য ১০টিসহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে। এছাড়া ভর্তির জন্য অন্য কোনো ধরনের আসন সংরক্ষিত নেই।

এবার ক-বিভাগে ১১ হাজার ৬১১ জন এবং খ-বিভাগে ১ হাজার ২৩৭ জন মোট ১২ হাজার ৮৬৮ জন শিক্ষার্থী আবেদন করেন। চুয়েটে এবার নতুন চালু হওয়া বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং ও মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং নামের দুটি বিভাগে ৩০ জন করে শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন।

এদিকে শনিবার বেলা ১১টায় চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম ভর্তি পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন।



এ সময় ভর্তি পরীক্ষা কমিটি-২০১৯ এর সভাপতি অধ্যাপক ড. মোঃ সাইফুল ইসলাম এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী উপস্থিত ছিলেন।

ভর্তি পরীক্ষার সার্বিক পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করে চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম বলেন, সবার সার্বিক সহযোগিতায় অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।